

ন্যাশনাল ডিজিটাল ইনোভেশন অ্যাওয়ার্ড ২০১১ চ্যাম্পিয়ন- গণিত পাঠশালা (বিভাগঃ ই-লার্নিং এন্ড এডুকেশন)

টিউন করেছেন : [Faisal](#) প্রকাশিত হয়েছে : ১৩ জুলাই, ২০১১ | 133 বার দেখা হয়েছে | ❤️1

হ্যালো টেকটিউনার ভাইয়েরা,কেমন আছেন সবাই? আজকে আপনাদের সাথে আমি একটা নিউজ শেয়ার করব। গত ৬ জুলাই থেকে ৯ জুলাই বাংলাদেশ বিজ্ঞান ও তথ্য যোগাযোগ মন্ত্রনালয় এর আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নব থিয়েটারে আইসিটি মেলা অনুষ্ঠিত হয়। এর মাঝে সেখানে ৭ই জুলাই [ন্যাশনাল ডিজিটাল ইনোভেশন অ্যাওয়ার্ড ২০১১](#) এর গালা রাউন্ড অনুষ্ঠিত হয়। একটি বেসরকারী সংস্থা ও গবেষণা কেন্দ্র (D.Net) এ পদকের সম্পূর্ণ আয়োজন করে।

এ বছর সর্বমোট ৩৪ টি ক্যাটাগরিতে ১৮১ টি প্রোজেক্ট আবেদন করে। সেখান থেকে জুড়ি প্রেসেসের মাধ্যমে ৪৭ টি প্রোজেক্ট ফাইনালিস্ট হয় এবং অবশেষে ৩১ টি প্রোজেক্ট কে চ্যাম্পিয়ন ও রানার আপ পদক দেয়া হয় যেখানে ১১ টি প্রোজেক্ট কে চ্যাম্পিয়ন ঘোষণা করা হয় সরকারী এবং বেসরকারী উভয় সেক্টর থেকে।

এবারের ন্যাশনাল ডিজিটাল ইনোভেশন অ্যাওয়ার্ড ২০১১ এ "ই-লার্নিং এন্ড এডুকেশন ক্যাটাগরিতে" [গণিত পাঠশালা](#) <http://www.gonitpathshala.org/> (গণিত পাঠশালা বাংলা ভাষায় প্রথম এবং একমাত্র গণিত বিষয়ক পূর্নাঙ্গ ব্লগ) চ্যাম্পিয়ন হয়। গণিত পাঠশালা টিম গত ৭ই জুলাই সন্মানিত প্রাক্তন ভাইস চ্যান্সেলর জামিলুর রেজা চৌধুরী (ব্রাক ইউনিভার্সিটি) হতে এ পদক গ্রহন করে এছারাও সেখানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত সহ আরো অনেকে।





অনুষ্ঠানে সন্মানিত অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেন, "Digitisation is the fear factor for corrupt and unskilled government officials. When the process of digitisation will ensure free flow of information, corruption will go away and that would be possible by the blessings of information technology."

জুড়ি বোর্ডের চেয়ারম্যান জামিলুর রেজা চৌধুরী বলেন, "Participation was high this year, especially from the public sector. Computer and mobile technology can take public services to the grassroots and help implement the government's vision for 'digital Bangladesh'"

অনুষ্ঠানে ন্যাশন্যাল প্রোজেক্ট ডিরেক্টর অব এ-টু-আই নজরুল ইসলাম খান এবং ডি.নেট এর চেয়ারম্যান আহমেদ চৌধুরী ও বক্তব্য রাখেন।

অন্যান্যদের মধ্যে চ্যাম্পিয়ন হয়েছে ,

"Rabbit's Fury, Halda River: A natural fish spawning heritage, AppRain Content Management Framework, Activity for Reformation of Basic Needs – ARBAN, somewhere in net ltd, CEGIS and Transformer Protection from Unauthorized Person."

উল্লেখ্য যে গত বছর এর সেপ্টেম্বর মাসে গণিত পাঠশালা নামে গণিত বিষয়ক পূর্ণাঙ্গ ব্লগ সাইট চালু করা হয়। গণিতের মজার বিষয়গুলো সুন্দর ভাবে সবার কাছে উপস্থাপন করা এবং সবাইকে গণিতে আগ্রহী করে তোলার জন্য এটি একটি ক্ষুদ্র প্রচেষ্টা। "গণিত কোনো ভীতি নয়, গণিত হচ্ছে সেই বিষয় যার সাহায্যে আমরা পেতে পারি একেবারেই নির্মল আনন্দ" এই কথাটা বর্তমান প্রজন্মের কাছে নতুন করে প্রমাণ করাই এর উদ্দেশ্য। গণিত প্রেমী এবং যারা গণিত ভালোবাসে তাদের জন্য গণিত পাঠশালা হতে পারে একটি চমৎকার সাইট।

আমাদের প্রচেষ্টাটা হয়ত অনেক বড় কিছু না, তবুও এটাই হচ্ছে শুরু। একজন মানুষকেও যদি আমরা গণিতে আগ্রহী করে তুলতে পারি তাহলে সেখানেই আমাদের সার্থকতা। আপনার চিন্তাগুলোও যদি একই হয়, তবে আজই চলে আসুন না আমাদের সাথে, নতুন একটি সংস্কৃতির শুরু করার আন্দোলনে, গণিত চর্চার সংস্কৃতি।

গণিত পাঠশালা সম্পর্কে বিস্তারিত জানতে বা সাইট দেখতে

ওয়েব লিঙ্ক : <http://www.gonitpatshala.org>